



# SCOTTISH EXECUTIVE

বিচার বিভাগ  
ফৌজদারি বিচার গ্রুপ

St Andrew's House  
Regent Road  
Edinburgh EH1 3DG

দুরভাষ: 0131-244 2131  
ফ্যাক্স: 0131-244 2121  
Micheline.Brannan@scotland.gsi.gov.uk  
<http://www.scotland.gov.uk>

আপনার উল্লেখ:  
আমাদের উল্লেখ:

11 ই ডিসেম্বর, 2002

প্রিয় আলোচনাকারী

## বিচারপতিদের উচ্চ আদালতের প্রথা এবং পদ্ধতিসমূহের পর্যালোচনা

মহামাণ্ড লর্ড বোনোমির 2002 সালের বিচারপতিদের উচ্চ আদালতের প্রথা এবং পদ্ধতিসমূহের পর্যালোচনা বিষয়ে প্রতিবেদনটির একটি অনুলিপি আপনাদের দেওয়ার জগ্ আমি এই চিঠি লিখছি। আজকে ডেপুটি ফার্স্ট মিনিস্টার এই প্রতিবেদনটি প্রকাশ করেছেন এবং স্কটিশ লোকসভাতে ঘোষণা করেছেন যে তিনি একটি বহু ব্যাপ্তিবিশিষ্ট আলোচনা প্রক্রিয়া শুরু করবেন যাতে যে বিচারকমন্ডলী এবং সংস্থাগুলি ফৌজদারি বিচার ব্যবস্থায় যুক্ত আছেন বা যাঁদের এই বিষয়ে উৎসাহ আছে, এবং সাধারণ জনগণের, এই প্রস্তাবগুলি সম্পর্কে মতামত জানা যায়।

লর্ড বোনোমি অবশ্য ইতিমধ্যেই এই প্রতিবেদনটি তৈরি করার সময় ব্যাপক আলোচনা করেছেন এবং অনেকগুলি প্রধান স্বার্থের প্রতিনিধি হিসাবে একটি রেফারেন্স গ্রুপের সহায়তা পেয়েছিলেন। আমরা এই প্রতিবেদনটিকে স্বাগত জানাচ্ছি এবং আমরা বিশ্বাস করি যে এটি উচ্চ আদালতের কর্মদক্ষতা বৃদ্ধির ক্ষেত্রে ভালোরকম উন্নতি ঘটানোর ভিত প্রস্তুত করবে, কিন্তু এটি রূপায়ণের আগে আমরা আরও আনুষ্ঠানিকভাবে আলোচনা করতে চাই।

এই প্রতিবেদনের ইঙ্গিত অনুযায়ী, লর্ড বোনোমি একটি সুসংহত পরিকল্পনা উদ্ভাবন করার চেষ্টা করেছেন যাতে ফৌজদারি বিচার ব্যবস্থায় আরও নিশ্চয়তা আসে এবং জনসাধারণের অসুবিধা এবং দুর্দশা কমে। এই পরিকল্পনাটির 3 -টি মূল সূত্র আছে - উচ্চ আদালত এবং শেরিফের আদালতের এজিয়ারের সীমাটি পরিবর্তন করা যাতে উচ্চ আদালত গুরুতর অপরাধগুলিতে মনোযোগ দিতে পারে, '110 দিনের বিধি'-টি আধুনিকীকরণ করা এবং উচ্চ আদালতের ক্ষেত্রে বাধ্যতামূলক প্রারম্ভিক শুনানিগুলি এবং নির্ধারিত বিচারের দিন চালু করা যাতে বিচার মূলতুবি রাখার প্রয়োজন সীমিত হয়ে যায়। এজিয়ারের সীমা সংক্রান্ত প্রাথমিক আইন প্রণয়নের বিষয়টি ইতিমধ্যেই বিধিপুস্তকে স্থান পেয়েছে কিন্তু অগ্ সূত্রগুলির রূপায়ণের জগ্ প্রাথমিক আইন প্রণয়নের প্রয়োজন আছে। আমরা এই প্রস্তাবগুলি সম্পর্কে আপনার মতামত জানতে আগ্রহী।



লর্ড বোনোমি এই সম্পর্কিত আরও বেশ কয়েকটি সুপারিশ করেছেন এবং সাক্ষীদের সমন পাঠিয়ে আদালতে হাজির হতে বলা, সাক্ষ্যপ্রমাণ, উচ্চ আদালতের অবস্থান, আদালতের প্রশাসন এবং সময়সূচি প্রস্তুত করা, লিগ্যাল এইড, সামাজিক তদন্ত প্রতিবেদন, প্রযুক্তির ব্যবহার এবং বিচারকমন্ডলীর ভূমিকা সম্পর্কে প্রস্তাব দিয়েছেন। এর মধ্যে কয়েকটি প্রশাসনিক পদক্ষেপ দ্বারা রূপায়ণ করা যাবে এবং যেখানেই সম্ভব হবে সেখানে প্রশাসন বিতর্কিত নয় এমন প্রস্তাবগুলি প্রাথমিক আইন প্রণয়নের আগেই রূপায়ণ করবেন। যেমন 2(চ) এর সুপারিশটি সম্পর্কে ফৌজদারি আদালতের অফিস এবং সরকারি অভিশংসকের দপ্তরকে ইতিমধ্যেই সাক্ষীদের প্রাথমিক জেরা করার প্রক্রিয়াটির উন্নতি ঘটাবার জ্ঞান সংস্থান দেওয়া হয়েছে।

বিচার বিভাগের আধিকারিকগণ আপনি এই আলোচনায় সাড়া দেওয়ার আগেই আপনার সংস্থার সঙ্গে দেখা করতে পারলে খুব খুশী হবেন। আপনার যদি মনে হয় যে এতে আপনার সাহায্য হবে তবে মিসেস ময়রা র্যামেজ আপনাকে সাহায্য করতে পারলে খুশী হবেন এবং তাঁর সঙ্গে 0131 244 2458 নম্বরে টেলিফোনে যোগাযোগ করা যাবে।

প্রতিবেদন বিষয়ে সাধারণ মন্তব্যগুলি ছাড়াও আমরা 20 নম্বর অধ্যায়ে সংকলিত আলাদা আলাদা সুপারিশগুলি সম্পর্কে পুঙ্খানুপুঙ্খ মন্তব্য পেতে আগ্রহী। আপনি যদি এটি পাঠাতে চান তবে স্কটিশ এক্সিকিউটিভ এর ওয়েবসাইটে <http://www.scotland.gov.uk/library5/justice/rppi-28.asp> বৈদ্যুতিন ফর্মটি ব্যবহার করে আপনার প্রতিক্রিয়া ব্যক্ত করতে পারেন। এছাড়াও, আপনি আপনার প্রতিক্রিয়া ই-মেলের মাধ্যমে এই ঠিকানায় পাঠাতে পারেন: [bonyconsultation@scotland.gsi.gov.uk](mailto:bonyconsultation@scotland.gsi.gov.uk)। প্রতিবেদনটির একটি কার্যনির্বাহী সারসংক্ষেপ, যেটি বিচার বিভাগ তৈরি করেছেন, ঐ ওয়েবসাইটেই পাওয়া যাবে।

প্রশ্নাবলীর একটি মুদ্রিত অনুলিপি আপনি ওপরে দেওয়া নম্বরে ময়রা র্যামেজের সঙ্গে যোগাযোগ করে পেতে পারেন। প্রতিক্রিয়ার মুদ্রিত অনুলিপি ডাকযোগে এই ঠিকানায় পাঠানো যেতে পারে:

Mrs M Ramage  
Scottish Executive  
Justice Department  
Criminal Procedure Division  
1WR  
St Andrew's House  
Regent Road  
Edinburgh  
EH1 3DG

সাধারণ প্রথা অনুযায়ী আলোচনায় জানানো প্রতিক্রিয়াগুলি জনসাধারণকে দেখতে দেওয়া হবে। তবে যদি আপনি আপনার প্রতিক্রিয়া বা তার কোনো অংশ গোপন রাখতে চান তবে অনুগ্রহ করে সেটা স্পষ্টভাবে উল্লেখ করুন এবং আমরা আপনার ইচ্ছে অনুযায়ী কাজ করব।

এই আলোচনার প্রক্রিয়াটি 11 ই এপ্রিল, 2003 পর্যন্ত চলবে।

ভবদীয়

*M H Bramman*

মিসেস এম ব্রানান